“তোমরা ছোট ছোট তুচ্ছ পাপ থেকেও দূরে থেকো।

সাহাল ইবনু সা‘দ আস-সায়িদী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “তোমরা ছোট ছোট তুচ্ছ পাপ থেকেও দূরে থেকো। কেননা, ছোট ও তুচ্ছ গুনাহসমূহের উপমা হল এরূপ, যেরূপ একদল লোক (সফরে গিয়ে)
এক উপত্যকার মাঝে (বিশ্রাম নিতে) নামল। অতঃপর এ একটা কাঠ, ও একটা কাঠ এনে জমা করল।
এভাবে অবশেষে তারা এত কাঠ জমা করল, যাদ্বারা তারা তাদের রুটি পাকিয়ে নিতে পারল। আর
ছোট ছোট তুচ্ছ পাপের পাপীকে যখন ধরা হবে তখন তা তাকে ধ্বংস করে ছাড়বে।”
[সহীহ] [এটি আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ছোট ছোট গুনাহকে তুচ্ছ জ্ঞান করে অবহেলা করতে এবং সেগুলো বেশি বেশি করতে সতর্ক করেছেন। কারণ, ছোট গুনাহও যখন জমা হয়, তখন তা ধ্বংসের কারণ হয়ে দাঁড়ায়। তিনি এ বিষয়ে একটি উদাহরণ দিয়েছেন: একদল লোক একটি উপত্যকায় অবতরণ করল। তাদের প্রত্যেকে একটু একটু করে কাঠ সংগ্রহ করল, এবং সবাই মিলে সেই কাঠ দিয়ে তাদের রুটি সেঁকল। এভাবে ছোট ছোট গুনাহও যখন জমা হয়, তখন তা ব্যক্তির ধ্বংস ডেকে আনে। ছোট গুনাহগুলোকে হালকাভাবে নেওয়া উচিত নয়, কারণ যখন কেউ এগুলো নিয়ে অবহেলা করে এবং তাওবা না করে বা আল্লাহর ক্ষমা না পায়, তখন এগুলোই তার ধ্বংসের কারণ হয়ে দাঁড়ায়।

http://sunnah.global/hadeeth/bn/show/66224